


- ৪। গোপালচাঁদে কয় ভেসে নয়নজলে,
আমি যে হয় ঐ মায়েরই ছেলে ।
মহানন্দ তুই পাপে মোহে তুলে,
চিন্‌লি না মায়ের চরণ দু'খানি ॥
—মহানন্দ হালদার



২৫ নং

তাল--একতাল

রাগিনী--বেহাগ

জয় জয় কাঞ্চন জননী ।

জয় জয় গোপাল গুণমণি-- হে দয়াল শিরোমণি ॥

- ১। ভক্তাধীন ভক্ত সেজে ভক্ত শিরোমণি ।
এবার কলির জীব উদ্ধারিতে এসেছ অবনী ॥
- ২। গোপাল গৃহিনী ওমা জগৎ জননী ।
এবার প্রেম সুধা বিতরিতে হয়েছে সঙ্গিনী ॥
- ৩। সতীর আদর্শ তুমি, হরি-ভক্তি দায়িনী ।
বাৎসল্য রসেতে মাখা তব হৃদয়খানি ॥
- ৪। তব অদর্শনে ওমা যত ভক্ত প্রাণী ।
তুমি করুণারূপিনী করহে করুণা করুণাময়ী জননী ॥
- ৫। নব ঠাকুর সুধায় ডেকে কুমুদরে তুই ভ্রাত্ত প্রাণী ।
আমার গোপালচাঁদের পায়, সব পাওয়া যায়, ভুলিস্ না
গুরুচাঁদের বাণী ॥
—কুমুদরঞ্জন